গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাজেট শাখা

বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)'র সভার কার্যবিবরণী।

অর্থ বিভাগের দিক নির্দেশনায় মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) পদ্ধতির আওতাভুক্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব এবং বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)'র সভাপতি জনাব নাজিমউদ্দিন চৌধুরী এর সভাপতিত্বে ০৫.০১.২০১৭ তারিখে দুপুর ০২.০০ ঘটিকায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৭-১৮ হতে ২০১৯-২০ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ২০১৭-১৮ হতে ২০১৯-২০ অর্থ বছরের অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের প্রাক্কলন ও প্রক্ষেপণ চূড়ান্ত করণের নিমিত্ত এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত করা হ'ল।

২.০. **আলোচনা:**

২.১. উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপ-সচিব (বাজেট) মো: আবু জুবাইর হোসেন সভার প্রেক্ষাপট তুলে ধরে জানান যে, গত ০৩-০১-২০১৭ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)'র একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এ বিভাগের দপ্তর/সংস্থার [পেট্রোবাংলা, বিপিসি, হাইড্রোকার্বন ইউনিট, জিএসবি, বিএমডি, বিপিআই ও বিস্ফোরক পরিদপ্তর] বাজেট কাঠামোর ১ম ভাগের (বর্ণনামূলক অংশ) উল্লেখযোগ্য দিকসমূহ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলী, কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ, দারিদ্র নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য, অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ, প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ এবং সাম্প্রতিক অর্জনসমূহ আলোচনা এবং চুড়ান্ত অনুমোদনের নিমিত্ত 'বিএমসি' সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। এছাড়া, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণের আওতায় এ বিভাগ এবং এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৭-১৮ হতে ২০১৯-২০ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত করা হয়েছে। তিনি বলেন যে, অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ব্যয়সীমার মধ্যে এ বিভাগ এবং এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরের প্রক্ষেপণ প্রস্তুত করা হয়েছে। উপ-সচিব (বাজেট) অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং বাজেটে প্রস্তাবিত ব্যয়সীমা (অনুন্নয়ন ও উন্নয়ন) এর মধ্যে এ বিভাগ ও এ বিভাগের দপ্তর/সংস্থার প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ:

২.২ **রাজস্ব আয়ের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ:**

অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত আয়সীমা: (কোটি টাকায়)

বিবরণ	বাজেট ২০১৬-১৭	সম্ভাব্য আয়সীমা ২০১৮-১৮	সম্ভাব্য আয়সীমা ২০১৮-১৯	সম্ভাব্য আয়সীমা ২০১৯-২০
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	৬০৩৭.৮৬	৬৭৬২.৪০	৭৫৭৩.৮৯	৮৪৮২.৭৬

২.৩ **এ বিভাগ এবং এ বিভাগের দপ্তর/ সংস্থার রাজস্ব আয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ নিম্নরূপ:**

দপ্তর/সংস্থা	লক্ষ টাকায়					
	প্রকৃত আয়		বাজেট	প্রাক্কলন	প্রক্ষেপণ	
	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
সচিবালয়	৮৬.৪৬	৪৮৯.৮৫	১০১২.৮৩	১০১৬.৮৫	১০১৮.৯০	১০২০.০০
হাইড্রোকার্বন	-	-	-	.১০	.১৫	.২০
জিএসবি	৩৯.০০	২৩.০৬	১১.৭০	২০.৯০	২১.৮০	৩২.১৫
বিএমডি	৩৮১.৮০	৫২৭.৮৮	৫৫০০.১৩	৩৩০০.১৩	৩৬০০.১৩	৪০০০.১৩
বিস্ফোরক পরিদপ্তর	৫৩২.২৪	৬২৪.২৯	৫৩৫.১১	৫৮০.০০	৬০০.০০	৬২০.০০
বিপিআই	-	-	২৬.১০	২০.০০	৩০.০০	৩২.০০
পেট্রোবাংলা	১১৫৭৩২.০০	৭১৬৮৯.০২	৯৬৭০০.০০	৯২০৫০.০০	৯২৫৫৫.০০	৯৩০৬০.০০
বিপিসি	১২০২০.৭০	-	৫০০০০০.০০	১০০০০০.০০	১০০০০০.০০	১০০০০০.০০
সর্বমোট	১২৮৭৯২.২০	৭৩৩৫৪.১০	৬০৩৭৮৫.৮৭	১৯৬৯৮৭.৯৮	১৯৭৮২৫.৯৮	১৯৮৭৬৪.৪৮

*** অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত আয়ের লক্ষ্যমাত্রার চেয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আয়ের লক্ষ্যমাত্রা হ্রাসের প্রস্তাব করা হ'ল।

৩.০ **বাজেট (অনুন্নয়ন ও উন্নয়ন) প্রাক্কলন ও প্রক্ষেপণ ব্যয়:**

৩.১ অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমার মধ্যে এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট (অনুন্নয়ন ও উন্নয়ন) ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। জিএসবি'র অধীনে উন্নয়ন বাজেটের আওতায় (ক) Identification and Economic Assessment of the Valuable Minerals in the River Sands of Bangladesh. (December 2015 - June 2018) (খ) Geo-characterization and Mineral Exploration in the maritime Areas of Bangladesh. (July 2016- June 2021) (গ) Mapping for Development

পরের পৃষ্ঠায়:

of Earthquake Resilience Cities in Bangladesh. (July 2016- June 2019) (ঘ) Geo-information for urban planning and adaptation to climate change. Bangladesh (October 2016-December 2020) মোট ৪টি তন্মধ্যে ১টি অনুমোদিত ও ৩টি অননুমোদিত প্রকল্পের জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। তাই জিএসবি'র উন্নয়ন ব্যয়ের সাথে আলোচ্য প্রকল্পের ব্যয় ও অন্তর্ভূক্ত রয়েছে। এ বিভাগ ও এ বিভাগের দপ্তর/সংস্থার বাজেট (অনুন্নয়ন ও উন্নয়ন) ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ নিম্নরূপ:

৩.২ **অর্থ বিভাগ কর্তক প্রস্তাবিত ব্যয়সীমা (অনুন্নয়ন ও উন্নয়ন):**

(কোটি টাকায়)

বাজেট ২০১৬-১৭	বাজেট প্রাক্কলন ২০১৭-১৮	প্রক্ষেপণ	
		২০১৮-১৯	২০১৯-২০
১৯৭৩.২৫	**২১৭০.৫৮**	**২৩৮৭.৬৪**	**২৬২৬.৪১**

৩.৩ অর্থ বিভাগ কর্তৃক প্রস্তাবিত ২০১৭-১৮ অর্থবছরের জন্য ২১৭০.৫৮ কোটি টাকা এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের জন্য যথাক্রমে ২৩৮৭.৬৪ ও ২৬২৬.৪১ কোটি টাকা (অনুন্নয়ন ও উন্নয়ন) বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এ বিভাগের দপ্তর/সংস্থা হতে অনুন্নয়ন বাজেটে নতুন কোন কর্মসূচী প্রদান না করায় ২০১৭-১৮ অর্থবছরে **৮২৩২.৬৫ লক্ষ** টাকা এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের জন্য যথাক্রমে **৬৫৯২.১৪** ও **৬৬৭৫.০২** লক্ষ টাকা এ বিভাগ ও এ বিভাগের দপ্তর/সংস্থার মধ্যে অনুন্নয়ন ব্যয় নিম্নরূপভাবে নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে।

৩.৪ **অনুন্নয়ন ব্যয়:**

(ক) অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমার মধ্যে এ বিভাগ ও এবিভাগের দপ্তর/সংস্থার বাজেট (অনুন্নয়ন ও উন্নয়ন) ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত করা হয়েছে। যা নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

দপ্তর/সংস্থা	প্রকৃতব্যয়		বাজেট ২০১৬-১৭	বাজেট প্রাক্কলন ২০১৭-১৮	বাজেট প্রক্ষেপণ	
	২০১৪- ১৫	২০১৫-১৬			২০১৮-১৯	২০১৯-২০
সচিবালয় (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ)	১০৫২.০০	১৪২৬.৩১	২৬৩১.২৫	২৩৯৩.৪৫	২৪৬৪.৮০	২৫৬১.০০
হাইড্রোকার্বন ইউনিট	৪৫.৩৪	৪৪.৩১	২১১.৪৫	১৮০.০০	৩৪৪.৭০	২৭৩.০০
আন্তর্জাতিক সংস্থার চাঁদা	.৭৪	.৭৬	.৯২	.৮৫	.৮৮	.৯১
জিএসবি	১৯২০.৮৩	২৬৮০.১২	২৫৫০.৩৮	৩০৯১.১৯	৩০৪৬.৪৮	৩০৯৬.৫৬
বিস্ফোরক পরিদপ্তর	১১৩.৯৪	১৮৩.১০	৪৭০.০০	২২৪০.৫৬	৩৪৭.০৬	৩৬৫.২৪
বিএমডি	৪৪.৩১	৪৫.৩৪	১৮৮.০০	১৯০.০০	১৯৫.০০	১৭৩.২১
বিপিআই	১০২.৭০	১৩১.২৫	১৭৩.০০	১৮৬.৬০	১৯৩.২২	২০৫.১০
মোট অনুন্নয়ন ব্যয়=	৩২৭৯.৮৬	৪৫১১.১৯	৬২২৫.০০	৮২৮২.৬৫	৬৫৯২.১৪	৬৬৭৫.০২

৩.৫ **উন্নয়ন ব্যয়:**

(ক) **এ বিভাগের দপ্তর /সংস্থা হতে প্রস্তাবিত উন্নয়ন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ নিম্নরূপ:**

(লক্ষ টাকায়)

দপ্তর/সংস্থা	বাজেট ২০১৬-১৭	বাজেট প্রাক্কলন ২০১৭-১৮		বাজেট প্রক্ষেপণ ২০১৮-১৯		বাজেট প্রক্ষেপণ ২০১৯-২০	
		অনুমোদিত প্রকল্পের জন্য	অননুমোদিত প্রকল্পের জন্য	অনুমোদিত প্রকল্পের জন্য	অননুমোদিত প্রকল্পের জন্য	অনুমোদিত প্রকল্পের জন্য	অননুমোদিত প্রকল্পের জন্য
সচিবালয় থোক বরাদ্দ	১৯৬৮০.০০						
পেট্রোবাংলা	১৩১৪৮০.০০	১৭০০০০.০০	০	১৭৭২৮১.০০	৯৫০.০০	১২৮০৯৭.৮৫	৯৫০.০০
বিপিসি	৩৭৭০০.০০	১০৭০১.০০	০	৫৪৮০০.০০	০	৪৯৯০০.০০	০
জিএসবি	২২৪০.০০	৩২১৪.৭০	১৩৩৩০০.০০	০	৫৩১৩.০০	০	৪৬২০.০০
মোট উন্নয়ন ব্যয়	১৯১১০০.০০	১৮৩৯১৫.৭০	১৩৩৩০০.০০	২৩২০৮১.০০	৬২৬৩.০০	১৭৭৯৯৭.৮৫	৫৫৭০.০০

***২০১৬-১৭ অর্থ বছরে উন্নয়ন ব্যয় খাতে কম প্রস্তাব করায় অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ব্যয়সীমার চেয়ে ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট প্রাক্কলন ২৪৮৫৯.৬৫ লক্ষ টাকা এবং বাজেট প্রক্ষেপণ ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে যথাক্রমে ৯০.৮৬ ও ৭৭৯৬৮.১৩হ্রাসের প্রস্তাব করা হ'ল।

৪.০ প্রস্তাবিত ব্যয়সীমা (অনুন্নয়ন ও উন্নয়ন):

(লক্ষ টাকায়)

দপ্তর/সংস্থা	বাজেট ২০১৬-১৭	বাজেট প্রাক্কলন ২০১৭-১৮	বাজেট প্রক্ষেপণ	
			২০১৮-১৯	২০১৯-১৮২০
অনুন্নয়ন ব্যয়	৬২২৫.০০	৮২৮২.৬৫	৬৫৯২.১৪	৬৬৭৫.০২
উন্নয়ন ব্যয়	১৯১১০০.০০	১৮৩৯১৫.৭০	২৩২০৮১.০০	১৭৭৯৯৭.৮৫
সর্বমোট ব্যয়	১৯৭৩২৫.০০	১৯২১৯৮.৩৫	২৩৮৬৭৩.১৪	১৮৪৬৭২.৮৭

৪.১ সভায় অর্থ বিভাগ হতে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা বেশি নির্ধারণ করা হয়েছে কিন্তু এ বিভাগ এবং এ বিভাগের দপ্তর/সংস্থা হতে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত আয়ের লক্ষ্যমাত্রা হ্রাস করা হয়েছে। তবে আয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সকল দপ্তর/সংস্থাসমূহকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করারবিষয় গুরুত্ব আরোপ করা হয়।

পরের পৃষ্ঠায়

৪.২ জনাব তোফায়েল আহমদ, মহা ব্যবস্থাপক (অর্থ), পেট্রোবাংলা বলেন যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন গ্যাসের মূল্য বৃদ্ধি জনিত আদেশ জারী করে থাকে। এক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন ১লা সেপ্টেম্বর ২০১৫ থেকে ট্রান্সমিশন কোম্পানিসমূহের মার্জিন ০.৩২ টাকা থেকে কমিয়ে ০.০১৫৬ টাকা এবং ডিস্ট্রিবিউশন কোম্পানিসমূহের মার্জিন ০.৪৯ টাকা থেকে কমিয়ে ০.২৩ টাকা নির্ধারণ করায় কোম্পানিসমূহের পক্ষে কাঙ্খিত হারে মুনাফা অর্জন করা সম্ভব হচ্ছে না। কোম্পানি সমূহ হতে পেট্রোবংলাকে প্রদেয় লভ্যাংশ (Dividend) হ্রাস পাওয়ায় পেট্রোবাংলা হতে বর্ধিত আয়ের লক্ষ্য মাত্রা অর্জন করা সম্ভব নয়।

৪.৩ অর্থ বিভাগের প্রতিনিধি উপ-সচিব জনাব সিরাজুন নূর চৌধুরী সভায় বলেন ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর ২০১৭-১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেট বরাদ্দের বিভিন্ন খাতে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করেছে যা পুন; নিরিক্ষণ পূর্বক নির্ধারিত ব্যয়সীমার মধ্যে বাজেট প্রাক্কলন প্রস্তুত করে পরিকল্পনা কমিশনে প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে এ বিভাগ এবং এ বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার iBAS++ এন্ট্রি সম্পন্ন করা প্রয়োজন। তিনি আরও বলেন যে, মন্ত্রণালয়ের দাপ্তরিক যে কোন প্রয়োজনে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হলে প্রস্তাবিত বাজেটে বরাদ্দ রাখা যেতে পারে।

৪.৪ বিপিসি'র পরিচালক (অর্থ) জনাব শংকর প্রসাদ দেব সভায় অবহিত করেন যে, ২০১৭-১৮ হতে ২০১৯-২০ অর্থবছরের বাজেটে বিপিসি'র প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে যথাক্রমে ৫৫০০.০০, ৫৯৯৩.৯০ ও ৬৫০০.০০ কোটি টাকা। উল্লিখিত অর্থবছর সমূহে বিপিসি হতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়। কেননা বিপিসি'র নিজস্ব অর্থায়নে ই আর এল -২ প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করায় আগামী তিন অর্থবছরে ১০০০.০০ কোটি টাকা হারে লভ্যাংশ প্রদান করা সম্ভব। এ বিষয়ে অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, অর্থ বিভাগের এন টি আর এবং মনিটরিং সেলের সাথে আলোচনার মাধ্যমে এ বিষয়টি সমাধান করা যেতে পারে।

৪.৫ এ বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় বলেন যে, বিস্ফোরক পরিদপ্তর ২০১৭-১৮ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে ২০.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করেছে। এ বিষয়ে বিস্ফোরক পরিদপ্তরের প্রধান বলেন যে, বিস্ফোরক পরিদপ্তরের জন্য জমি ক্রয়, আর এফ পি এর কন্সালটেন্ট নিয়োগ এবং প্রশিক্ষণ ব্যয়ের জন্য এ অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, জমি ক্রয়ের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে বিধায় এ অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে।

৫.০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- বাজেট কাঠামোর ১ম ভাগ বর্ণনামূলক অংশ অনুমোদন করা হল (পতাকা-ক)।
- এ বিভাগের দপ্তর/সংস্থা হতে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার হ্রাসের প্রস্তাব অনুমোদন করা হল।
- বিস্ফোরক পরিদপ্তরের অফিস ভবন স্থাপনের জন্য জমি ক্রয় বাবদ ২০.০০ কোটি টাকা ২০১৭-১৮ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব অনুমোদন করা হল।
- অনুচ্ছেদ-২.৩ এর অনুচ্ছেদ এ বর্ণিত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এ বিভাগের দপ্তর/সংস্থা কর্তৃক প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন করা হ'ল।
- ২০১৭-১৮ অর্থ বছরের জন্য অনুন্নয়ন বাজেটে ৮২৮২.৬৫ লক্ষ টাকা এবং উন্নয়ন বাজেটে ১৮৩৯১৫.৭০ লক্ষ টাকা মোট ১৯২১৯৮.৩৫ লক্ষ টাকা প্রাক্কলন, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরে অনুন্নয়ন বাজেট যথাক্রমে ৬৫৯২.১৪ লক্ষ টাকা এবং ৬৬৭৫.০২ লক্ষ টাকা এবং উন্নয়ন বাজেট যথাক্রমে ২৩২০৮১.০০ লক্ষ টাকা এবং ১৭৭৯৯৭.৮৫ লক্ষ টাকা বাজেট প্রক্ষেপণ অনুমোদন করা হ'ল।
- উন্নয়ন বাজেটে অননুমোদিত প্রকল্পের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ১৩৩৩০০.০০ লক্ষ টাকা এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরে যথাক্রমে ৬২৬৩.০০ ও ৫৫৭০.০০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব অনুমোদন করা হ'ল।
- একনেক কর্তৃক অনুমোদিত জিএসবি'র অনুমোদিত প্রকল্পের ব্যয় অন্তর্ভুক্ত করে সংশোধিত প্রস্তাব প্রেরণ করতে হবে।
- বিপিসি'র রাজস্ব আয়ের লক্ষমাত্রার যে অসংগতি পরিলক্ষিত হয়েছে তা এ বিভাগ এবং অর্থ বিভাগের NTR ও মনিটরিং সেল এর সাথে যোগাযোগের মাধ্যমে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা জরুরী ভিত্তিতে বিপিসি হতে গ্রহণ করতে হবে।

৬.০. পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০২/০২/১৭
(নাজিমউদ্দিন চৌধুরী)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)

পরের পৃষ্ঠায়

স্মারক ২৮.০০.০০০০.০১২.২০.০৩২.২০১৪-১০

তারিখ: ২৩ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, ঢাকা {(দৃঃ আঃ অতি:সচিব (বাজেট-৫)} ।
২. চেয়ারম্যান, বিপিসি, চট্টগ্রাম{দৃ: আ: পরিচালক(পরি: ও অর্থ)} ।
৩. চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা । {দৃ: আ: পরিচালক(অর্থ)} ।
৪. বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. সচিব, বিইআরসি, কাওরান বাজার, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রশা:/অপা:), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭. মহাপরিচালক, বিপিআই, উত্তরা, ঢাকা।
৮. মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, কাওরান বাজার, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. পরিচালক, শিল্প ও শক্তিসেক্টর,আইএমইডি, পরিকল্পনা মন্ত্রনালয়, শেরেবাংলানগর, ঢাকা।
১১. উপ সচিব (বাজেট-১৫) অর্থ বিভাগ, ঢাকা।
১২. উপ-প্রধান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
১৩. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৭. আই সি টি কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৮. সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৯. অফিস কপি

(মো: আবু জুবাইর হোসেন)
উপ-সচিব(বাজেট)
ফোন-৯৫৪০২৭১